



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা  
Website: www.blcollege.edu.bd



০৭ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ  
২১ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ১ম মেধায় ভর্তিকৃত ছাত্রছাত্রীদের বিষয় পরিবর্তন  
(Migration) সংক্রান্ত বিজ্ঞপ্তি**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির '১ম মেধায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিষয় পরিবর্তন (Migration)' এর ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশিত হয়েছে। ওয়েব সাইটে প্রদত্ত ফলাফলের ভিত্তিতে যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়েছে তাদেরকে বর্ণিত তারিখে ভর্তি হতে হবে।

১। বিষয় পরিবর্তনের অনলাইনে ভর্তি ফরম গ্রহণ: ০৩.০৬.২০২৬ থেকে ১১.০৬.২০২৬ তারিখ পর্যন্ত।

২। ভর্তির তারিখ (সকল বিষয়): ০৪.০৬.২০২৬ হতে ১৩.০৬.২০২৬ পর্যন্ত।

৩। বিষয় পরিবর্তনের জন্য ভর্তি ফরম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট [www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) থেকে সংগ্রহ করতে হবে।

৪। **বিষয়ভিত্তিক ফিসাদি:** বিষয় পরিবর্তন হওয়া ছাত্র-ছাত্রীদের কোনো ভর্তি ফি জমা দেয়া লাগবে না তবে তাদেরকে পূর্বের ভর্তিকৃত বিষয়ের মোট টাকা থেকে পরিবর্তিত বিষয়ের টাকার পরিমাণ বেশি হলে বর্ধিত টাকার পরিমাণ কলেজ অফিস থেকে বেতন বহির মাধ্যমে কলেজ ব্যাংকে জমা দিয়ে তার রশিদ পরিবর্তিত বিষয়ের আবেদন ফরমের সাথে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। বর্ধিত টাকা জমা না হলে বিভাগসমূহ বিষয় পরিবর্তনের ফরম জমা না নেয়ার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

BA: Bangla, English, History, Islamic History & Culture, Philosophy: ভর্তি ফি ৪০৫০+সেমিনার ফিস ১৮০০+শিক্ষা সফর ৩০০ টাকা = ৬১৫০/-

BSS: Political Science, Sociology, Social Work, Economics: ভর্তি ফি ৪০৫০+সেমিনার ফিস ১৮০০+শিক্ষা সফর ৩০০ টাকা = ৬১৫০/- টাকা

BBA: Marketing, Finance, Accounting, Management: ভর্তি ফি ৪১১০+সেমিনার ফিস ১৮০০+শিক্ষা সফর ৩০০ টাকা = ৬২১০/- টাকা

BSc: Physics: ভর্তি ফি ৪২০০+সেমিনার ফিস ২৪০০+শিক্ষা সফর ৩০০ টাকা = ৬৯০০/- টাকা

BSc: Chemistry, Statistics: ভর্তি ফি ৪২৫০+সেমিনার ফিস ২৪০০+শিক্ষা সফর ৩০০ টাকা = ৬৯৫০/- টাকা

BSc: Botany, Zoology, Mathematics: ভর্তি ফি ৪১৫০+সেমিনার ফিস ২৪০০+শিক্ষা সফর ৩০০ টাকা = ৬৯৫০/- টাকা

BSc:, Geography, Psychology: ভর্তি ফি ৪২১০+সেমিনার ফিস ২৪০০+শিক্ষা সফর ৩০০ টাকা = ৬৯১০/- টাকা

৫। যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়েছে তারা আর কোনভাবেই পূর্বের বিষয়ে থাকতে পারবে না।

৬। যে সকল ছাত্র-ছাত্রীর বিষয় পরিবর্তন (Migration) হয়নি তাদের পূর্বের বিষয়ে বহাল থাকবে।

৭। ছাত্র-ছাত্রীকে পরিবর্তিত বিষয়ে সেমিনার ফিস পরিশোধ করে নতুন সেমিনার রশিদ গ্রহণ করতে হবে।

৮। ছাত্র-ছাত্রীকে এস. এস. সি ও এইচ. এস. সি. পাসের মূল নম্বর পত্রের ফটোকপি এবং সেমিনার রশিদ ফটোকপি করতে হবে। মূল আবেদন ফরমের ০১ সেট পরিবর্তিত বিভাগে জমা দিতে হবে।

৯। মানবিক বিষয় হতে মানবিক বিষয়ে বিষয় পরিবর্তন হলে কোনো প্রকার টাকা প্রদান করতে হবে না। ব্যবসায় শিক্ষা বিষয় হতে ব্যবসায় শিক্ষা বিষয়ে বিষয় পরিবর্তন হলে কোনো প্রকার টাকা প্রদান করতে হবে না। মানবিক বিষয় হতে ব্যবসায় শিক্ষা বিষয়ে গেলে অতিরিক্ত টাকা জমা দেয়া লাগবে। মানবিক, ব্যবসায় শিক্ষা হতে বিজ্ঞান বিষয়ে পরিবর্তন হলে কলেজের প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টার নং- ১, ৩, ৪ এ বেতন বইয়ের মাধ্যমে স্বাক্ষর ও সিল মেরে ব্যাংকে টাকা দিয়ে আবেদন ফরম স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।


১০। মানবিক/বাণিজ্য শাখা হতে বিজ্ঞান শাখায় বিষয় পরিবর্তনকৃত ছাত্রছাত্রীদেরকে পরিবর্তিত বিভাগে সেমিনার ফি বাবদ অতিরিক্ত ৬০০/= টাকা সেমিনার রশিদের মাধ্যমে পরিশোধ করতে হবে।

১১। পরিবর্তিত বিষয়ে নির্ধারিত সেমিনার ফিস প্রদান করে সেমিনার রশিদ গ্রহণ করতে হবে এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে গৃহীত নির্ধারিত ভর্তি ফরম বিভাগীয় প্রধানের অনুমোদন পূর্বক ফটোকপি করতে হবে। ইতোপূর্বে ভর্তিকৃত বিষয়/ বিভাগ হতে পূর্বে গৃহীত সেমিনার রশিদের মূল কপি ফেরৎ দিয়ে সেমিনার ফিসের টাকা ফেরৎ নিতে/ দিতে হবে। পূর্ববর্তী বিষয়/ বিভাগ হতে সেমিনার ফিস এবং এইচএসসি পরীক্ষার মূল নম্বরফর্দ গ্রহণ করে তা পরিবর্তিত বিষয়ে জমা দিতে হবে।

১২। বিষয় পরিবর্তনকৃত ছাত্র-ছাত্রীদের পরিবর্তিত বিষয়ে নতুন শ্রেণী রোল নম্বর প্রদান করতে হবে।

বি :দ্র : বিষয় পরিবর্তনকৃত ছাত্র-ছাত্রীদের পূর্বের বিভাগে অনলাইনে জমাকৃত ভর্তির রশিদের ফটোকপির উপর পরিবর্তিত বিষয়ের বিভাগের সিল ও স্বাক্ষর এবং প্রযোজ্য ক্ষেত্রে টাকার পরিমাণ উল্লেখ করতে হবে। পরিবর্তিত বিষয়ে প্রদত্ত সেমিনার ফি এর ফটোকপি বিভাগ সংরক্ষণ করবে এবং বিষয় পরিবর্তন প্রক্রিয়া শেষ হওয়ার পর বিভাগ ভিত্তিক টাকার পরিমাণ ও সেমিনার রশিদের ফটোকপিসহ চাহিদা বিভাগে প্রেরণ করে সেমিনার ফির টাকা সংগ্রহ করতে হবে। কোনো অবস্থাতেই টাকা উত্তোলন করে নগদ টাকা শিক্ষার্থীদের নিকট প্রদান করা যাবে না।



  
২৩/০৫/২০২৬  
(প্রফেসর সাইফুল ইসলাম)  
অধ্যক্ষ  
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

২৩/০৫/২৬